



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট
www.sylhetboard.gov.bd

স্মারক নং: সিশিবো/প্রশা-২১/আঃ আঃ কঃ/৬৭৯

তারিখ : ১০/০৯/২০১৭ খ্রিঃ

বিজ্ঞপ্তি

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট ডিভিশন এর রিট পিটিশন নং ৩৬৫৭/২০১৫ এর রায়ে বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষককে ৬০(ষাট) দিনের বেশি সময় সাময়িক বরখাস্ত না রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে এবং ৬০(ষাট) দিনের বেশি সময় সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি বেতন ও অন্যান্য ভাতা সমুদয় প্রাপ্য হবেন। বর্ণিত রায়ের নির্দেশনা বাস্তবায়নের জন্য শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এর স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪, তারিখ: ০৬/০৮/২০১৭ খ্রি: মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এমতাবস্থায় মহামান্য হাইকোর্ট ডিভিশন এর রায় ও শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: মোস্তাফা কামাল আহমদ)

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

সংযুক্ত: শিক্ষা মন্ত্রণালয়ের উল্লিখিত স্মারকের পত্র ০১ পাতা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd


স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫. ৩৯৪

তারিখ : ২২ শ্রাবণ ১৪২৪
০৬ আগস্ট ২০১৭

বিষয় : রিটপীটিশন নং-৩৬৫৭/২০১৫ এর রায় বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট ডিভিশন এর রিটপীটিশন নং-৩৬৫৭/২০১৫ এর রায়ে বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষককে ৬০ দিনের বেশি সাময়িক বরখাস্ত না রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে এবং ৬০ দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি বেতন ও অন্যান্য ভাতা সমুদয় প্রাপ্য হবেন। বিষয়টি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো করা হলো।

সংযুক্তি: বর্ণনামতের।


(সালমা জাহান)
যুগ্মসচিব

ফোন : ৯৫৫০৩৪১

ই-মেইল : ds_sec2@moedu.gov.bd

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/রাঙ্গশাহী/যশোর/কুমিল্লা/সিলেট/বরিশাল/দিনাজপুর।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫. ৩৯৪

তারিখ : ২২ শ্রাবণ ১৪২৪
০৬ আগস্ট ২০১৭


অনুরূপি :

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪। অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/কলেজ) মহোদয়ের বর্তমান কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(সালমা জাহান)
যুগ্মসচিব